



আগামী সংসদের প্রথম অধিবেশনেই জুলাই সনদ বাস্তবায়নের দাবি সাইফুল হকের



সংগৃহীত ছবি

বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক বলেছেন, নতুন সংসদের প্রথম অধিবেশনেই জুলাই সনদ কার্যকর করা উচিত। তিনি মনে করেন, এই সনদ বাস্তবায়নের মাধ্যমে একক আধিপত্য ও স্বৈরাচারের পথ রুদ্ধ করা সম্ভব হবে।

বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক শুক্রবার (১৭ অক্টোবর) জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বলেন, “আগামী সংসদের প্রথম অধিবেশনেই অগ্রাধিকারের ভিত্তিতে জুলাই সনদ কার্যকর করা উচিত।”

তিনি আরও বলেন, “জুলাই সনদের মূল উদ্দেশ্য হলো এমন একটি গণতান্ত্রিক কাঠামো প্রতিষ্ঠা করা, যেখানে কোনো ব্যক্তি বা দল স্বৈরাচারী হয়ে উঠতে না পারে। এই সনদ বাস্তবায়নের মধ্য দিয়েই সেই লক্ষ্য অর্জন সম্ভব।”

সাইফুল হক জোর দিয়ে বলেন, অন্তর্বর্তী সরকারকে রাজনৈতিক দল, জনগণ ও নির্বাচন কমিশনের আস্থার মধ্যে নিয়ে কাজ করতে হবে। এরপর গণভোট ও জাতীয় নির্বাচনের আয়োজন করা যেতে পারে। তিনি আরও মত দেন, রাজনৈতিক দলগুলো চাইলে জাতীয় নির্বাচনের দিনেই গণভোট আয়োজনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।